بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

April 15, 2012

Musical Drama Show *Mohajoner Nao* celebrating the 40th anniversary of Bangladesh-US diplomatic relations

In celebration of the 40th anniversary of the diplomatic relations between Bangladesh and the USA, Embassy of Bangladesh in Washington DC in collaboration with EKTARA, a cultural group of Bangladeshi Diaspora in the USA staged a musical drama show Mohajoner Nao, today, 15 April 2012 at a local theater. The musical drama attracted more than 300 spectators including senior US officials, foreign diplomats, journalists, members of academia and Bangladesh Diaspora in the USA.

In his welcome speech Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader said that Bangladesh takes great pride in its culture which has a glorious history. "*Mohajoner Nao* is a fitting tribute not only to Shah Abdul Karim but also to the richness of our culture and heritage", Ambassador Qader said. He deeply appreciated the role played by the Bangladeshi Diaspora for the socio-economic development of Bangladesh by sending remittance as well as through innovative ideas and initiatives. Referring to the friendly ties between Bangladesh and the USA, the Bangladesh Ambassador said that the two countries remain engaged in deepening the relations in a host of areas. As the two countries celebrate the 40th anniversary of the establishment of diplomatic relations, Bangladesh looks forward to continued constructive engagement with the USA, he added.

Mr. Mitul Desai, Senior Adviser for Outreach and Diaspora issues in the US State Department's South and Central Affairs Bureau represented the US Government. Speaking on the occasion, Mr. Desai deeply applauded the commendable role played by the Bangladeshi Diaspora in US politics, and business. Describing Bangladesh as a secular, democratic country, Mr. Desai said that US is committed to constructive engagement with Bangladesh in its socio-economic development.

Based on the life and works of Shah Abdul Karim, a Bangladeshi mystic poet and singer, the musical drama portrayed the rich folk traditions of Bangladeshi culture. For the ease of understanding of the foreign guests, English subtitles were used. The live performances of Bangladeshi folk songs along with traditional instruments, centered on the humanistic and secular theme of the drama enthralled the audience. Honourable Minister for Food and Disaster Management Ministry, Dr.Muhammad Abdur Razzaque who is now on a visit to the USA also attended the program. This musical drama caps the seven day long program organized by the Embassy in celebration of the 40th anniversary of diplomatic relations between Bangladesh and the USA.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৫ এপ্রিল ২০১২

বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র কূটনৈতিক সম্পর্কের ৪০ বছর পূর্তি উপলক্ষে 'মহাজনের নাও' গীতিনাট্য মঞ্চস্থ

বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্কের ৪০ বছর পূর্তি উপলক্ষে ১৫ এপ্রিল ২০১২ বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি এবং বৃহত্তর ওয়াশিংটন এলাকার প্রবাসী বাংলাদেশীদের অন্যতম সাংস্কৃতিক সংগঠন 'একতারা'র যৌথ উদ্যোগে স্থানীয় এক থিয়েটারে 'মহাজনের নাও' গীতিনাট্য মঞ্চস্থ হয়।

এই গীতিনাট্যটি তিন শতাধিক দর্শকশ্রোতা উপভোগ করেন যার মধ্যে ছিলেন যুক্তরাষ্ট্র সরকারের বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তা, বিদেশী কূটনীতিক, সাংবাদিক, শিক্ষাবিদ এবং প্রবাসী বাংলাদেশী।

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যে বলেন, বাংলাদেশের সংস্কৃতির রয়েছে এক গৌরবোজ্জ্বল ইতিহাস। তিনি বলেন "মহাজনের নাও শাহ্ আবদুল করিমের স্মৃতির প্রতি আমাদের শ্রদ্ধা এবং একই সাথে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের সমৃদ্ধিশালী দিকগুলো তুলে ধরবার প্রয়াস"। বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে প্রবাসী বাংলাদেশীদের গৃহীত বিভিন্ন পদক্ষেপ এবং রেমিটেন্স প্রেরণের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য রাষ্ট্রদূত কাদের প্রবাসী বাংলাদেশীদের প্রশংসা করেন। বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের উল্লেখ করে রাষ্ট্রদূত কাদের বলেন এই দুই বন্ধুপ্রতীম দেশ বিভিন্ন ক্ষেত্রে দুদেশের সম্পর্ক আরো গভীরতর করার জন্য একত্রে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্কের ৪০ বছর উদ্‌যাপনের এই বিশেষ উপলক্ষে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে অব্যাহতভাবে একযোগে কাজ করে যেতে আগ্রহী।

মার্কিন পররাষ্ট্র দফতরের দক্ষিণ ও মধ্য এশিয়া ব্যুরোর আউটরিচ ও ডায়াসপোরা বিষয়ক সিনিয়র এডভাইজার জনাব মিতুল দেশাই মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের প্রতিনিধি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তাঁর বক্তব্যে তিনি মার্কিন রাজনীতি ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে প্রবাসী বাংলাদেশীদের ভূমিকার প্রশংসা করেন। বাংলাদেশকে একটি অসাম্প্রদায়িক গণতান্ত্রিক দেশ হিসেবে উল্লেখ করে জনাব দেশাই বলেন বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে মার্কিন সরকার গঠনমূলক ভূমিকা রাখতে আগ্রহী।

বাউল সম্রাট শাহ্ আবদুল করিম এর জীবন ও কর্মের উপর নির্মিত এই গীতিনাট্যটি গ্রাম বাংলার সংস্কৃতির বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকসমূহ তুলে ধরে। বিদেশী দর্শকদের সুবিধার্থে ইংরেজী সাব-টাইটেল ব্যবহার করা হয়। বাংলাদেশের ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্রের সাথে পল্লী গান এবং এই গানগুলোর মানবতা ও অসাম্প্রদায়িক বিষয়বস্তু দর্শকশ্রোতাদের মুগ্ধ করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি. এই অনুষ্ঠানে অংশগ্রহন করেন তিনি বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্র সফর করছেন। এই গীতিনাট্যের মাধ্যমে বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্কের ৪০ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী অনুষ্ঠান সমাপ্ত হলো।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com